

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৩০

১/ বিবিধ

আরবী

من تختم بالعقيق لم يزل يرى خيرا
موضوع

رواه ابن الجوزي في "الموضوعات" (1 / 57) من طريق ابن حبان يعني في "الضعفاء" (3 / 153) عن زهير بن عباد حدثنا أبو بكر بن شعيب عن مالك عن الزهري عن عمرو بن الشريد عن فاطمة بنت النبي صلى الله عليه وسلم مرفوعا وقال ابن حبان وتبعه ابن الجوزي: أبو بكر يروي عن مالك ما ليس من حديثه وأقره في "اللآلئ" (2 / 271) ، وقال الذهبي في ترجمة أبي بكر المذكور وقد ساق له هذا الحديث: هذا كذب، ووافقه الحافظ في اللسان والحديث أخرجه الطبراني في "الأوسط" من هذا الوجه وقال: لم يروه عن مالك إلا أبو بكر تفرد به زهير، كما في "جزء منتقى" من معجمي الطبراني "الأوسط" و"الكبير" ومن "مسند المقلين" لدعلج بخط الحافظ الذهبي وروايته عن الحافظ المزي (ورقة 1 وجه 2) وكذلك هو في "جزء من حديث الطبراني رواية أبي نعيم" (1 / 26) ، وفي "جزء ما انتقاه ابن مردويه من حديث الطبراني" (1 / 113) ثم رأيت في "المعجم الأوسط" (1 / 8 / 101) ومن هذا يتبين خطأ قول الهيتمي بعد أن ساق الحديث (5 / 154 - 155) رواه الطبراني في "الأوسط" وعمرو بن الشريد لم يسمع من فاطمة، وزهير بن عباس الرواسي وثقه أبو حاتم، وبقيه رجاله رجال الصحيح

فهذا خطأ فاحش، فإن أبا بكر هذا ليس من رجال الصحيح، بل ولا من رجال السنن
و" المسانيد " ! ثم هو متهم كما يشير إليه كلام ابن حبان وابن الجوزي السابق فيه
وقد غفل عن هذا المعلق على " الأوسط " (1 / 104) فنقل كلام الهيثمي ثم أقره
وبالجملة فكل أحاديث التخم بالعقيق باطلة كما سبق عن الحافظ السخاوي

বাংলা

২৩০। যে ব্যক্তি আকিক পাথরের আংটি ব্যবহার করবে, সে সর্বদা কল্যাণই দেখতে পাবে।

হাদীসটি জাল।

এটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু"আত" গ্রন্থে (১/৫৭) ইবনু হিব্বান-এর সূত্র হতে বর্ণনা করেছেন। ইবনু হিব্বান এটিকে "আয-যুয়াফা" গ্রন্থে (৩/১৫৩) যুহায়ের ইবনু আব্বাদ হতে ... উল্লেখ করেছেন।

ইবনু হিব্বান এবং ইবনুল জাওয়ী সনদের এক বর্ণনাকারী আবু বাকর সম্পর্কে বলেনঃ তিনি মালেক হতে এমন হাদীস বর্ণনা করেছেন, যা তার হাদীসের অন্তর্ভুক্ত ছিল না। সুযুতী তার এ কথাকে "আল-লাআলী" গ্রন্থে (২/২৭১) সমর্থন করেছেন।

যাহাবী আবু বাকরের জীবনী বর্ণনা করতে গিয়ে তার এ হাদীসটি উল্লেখ করে বলেনঃ এটি মিথ্যা। হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে যাহাবীর বক্তব্যকে সমর্থন করেছেন।

তাবারানী "মুজামুল আওসাত" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ মালেক হতে আবু বাকর ছাড়া অন্য কেউ হাদীসটি বর্ণনা করেননি। যুহায়েরও এককভাবে এটি বর্ণনা করেছেন।

হায়সামী আবু বকরকে সহীহ্ গ্রন্থসমূহের বর্ণনাকারী বলেছেন। কিন্তু তা ঠিক নয়, তার একথাটি ভুল। কারণ তিনি এরূপ বর্ণনাকারী নন, এমনকি "সুনান" এবং "মাসানীদ" গ্রন্থগুলোর বর্ণনাকারীও নন। তিনি মিথ্যার দোষে দোষী ব্যক্তি, যেমনটি ইবনু হিব্বান ও ইবনুল জাওয়ী বলেছেন।

মোটকথা আকীক পাথরের আংটি সম্পর্কে বর্ণিত সকল হাদীসই বাতিল, যেমনভাবে হাফিয সাখাবী বলেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5490>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন